দৈনিক সংবাদ

তারিখ 10 SEP 1988
পৃষ্ঠা ... 5 কলাম 7 ...

157

## প্রস্তাবিত চট্টগ্রাম বন্দর কলেজ

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বাংলাদেশের অন্যতম বৃহত্তম স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। এখানে কয়েক হাজার কর্মচারী ও পদস্থ কর্মকর্তা রয়েছে; কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় বন্দর এলাকার ৫ বর্গমাইলের মধ্যে কোন কলেজ নেই। ফলে বন্দরে কর্মরত কর্মচারীদের ছেলে-মেয়েকে ৭/৮ মাইল দূরে মহসীন, সিটি ও চট্টগ্রাম কলেজে এসে লেখাপড়া করতে হয়। এতে ছেলেমেয়েদের নানা রকমের ভোগান্তি ও দুর্ভোগ পোহাতে হয়। বন্দর কর্তৃপক্ষ এসব চিন্তা করে বন্দর এলাকায় একটা ডিগ্রী কলেজ স্থাপনের জন্য নাকি দীর্ঘদিন চিন্তাভাবনা করছে। বিশেষ করে ভূতপূর্ব চেয়ারম্যান নাকি এ ব্যাপারে বেশ অগ্রসর হয়েছিলেন; কিন্তু হঠাৎ তার বদলিতে উদ্যোগটা স্থগিত হয়ে যায়। সম্প্রতি এলাকার সংসদ সদস্য লিয়াকত আলী বন্দর চেয়ারম্যানের সাথে দেখা করে প্রস্তাবিত ডিগ্রী কলেজ স্থাপনের অনুরোধ জানান। তাই কর্তৃপক্ষের নিকট আমাদেরও অনুরোধ, অবিলম্বে ডিগ্রী কলেজ স্থাপন করুন, যাতে বন্দর কর্মচারীদের এবং পার্শ্ববর্তী এলাকার ছেলেমেয়েরা উচ্চশিক্ষা গ্রহণ করতে পারে।

আবুল কালাম আজাদ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।